গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয় ঃ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **"Establishment of Global Maritime Distress and Safety SystemGMDSS & integrated Maritime Navigation System (EGIMNS)"** শীর্ষক প্রকল্পের ৫ম স্টিয়ারিং কমিটি সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবদুস সামাদ<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ২৫/১১/২০১৮ খ্রিঃ। |
| সময় | ঃ | দুপুর ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট– "ক"তে সন্নিবেশিত হলো। |

০২। আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পারস্পরিক পরিচয়ের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি যুগ্মপ্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের অনুরোধ জানান। যুগ্ম প্রধান বলেন প্রকল্পটি জানুয়ারী ২০১৪ সাল হতে চলমান। প্রকল্পটি ইডিসিএফ, কোরিয়া অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির উল্লেখযোগ্য কাজের মধ্যে একটি ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন। গত ৩০/০৫/২০১৭ তারিখে এ প্রকল্পের ২য় স্টিয়ারিং কমিটির সভায় সিদ্ধান্ত হয় যে, ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপনের কাজটি সরকারী বিটিসিএল কোম্পানি কর্তৃক করতে হবে। সে মোতাবেক নৌপরিবহন অধিদপ্তর হতে বিটিসিএল এর সাথে যোগাযোগ করা হয়। বিটিসিএল হতে জানানো হয়েছে, পাথরঘাটা হতে দুবলারচরের মধ্যবর্তী স্থানে মাইক্রোওয়েভ লিংক স্থাপনের জন্য অতিরিক্ত একটি ৭৫ মি: উচ্চতা বিশিষ্ট স্টিল টাওয়ার নির্মাণ করতে হবে এবং এ জন্য ভূমি অধিগ্রহণ করতে হবে। প্রকল্প পরিচালক বলেন, এই জমি অধিগ্রহণ সময় সাপেক্ষ এবং অতিরিক্ত প্রায় ৪ কোটি টাকা প্রয়োজন হবে যা প্রকল্প দ্রুত বাস্তবায়নে বাধাগ্রস্ত হবে।

২.১। অন্যদিকে এডিএন টেলিকম লি: ও ফাইবার হোম লি: নামক দু'টি কোম্পানি ব্যাকবোন নেটওয়ার্কের স্থাপনের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে। উক্ত এলাকায় তাদের মাইক্রোওয়েভ লিংক থাকার কারণে শুধুমাত্র রক্ষণাবেক্ষণ চার্জ প্রয়োজন হবে যা বিটিসিএল কর্তৃক প্রদত্ত রক্ষণাবেক্ষণ চার্জের তুলনায় অনেক কম। বিটিসিএল এর ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপনের সক্ষমতা আছে কি না, সভাপতি জানাতে চাইলে প্রকল্প পরিচালক জানান, সক্ষমতা আছে কিন্তু অতিরিক্ত খরচ বহন করতে হবে এবং সময় সাপেক্ষ যা প্রকল্পের উদ্দেশ্য ব্যহত করতে পারে। অন্যদিকে ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপনের বিষয়ে অনুমোদিত ডিপিপি'তে কোন অর্থের সংস্থান নেই। কিন্তু চলতি অর্থবছরে রাজস্ব বাজেটে উক্ত খাতে অর্থ বরাদ্দ রয়েছে।

২.২। উপ- প্রধান বলেন, জাতীয় নিরাপত্তার কথা বিবেচনা করে প্রকল্পটির ২য় স্টিয়ারিং কমিটির সভায় বিটিসিএল'কে দিয়ে ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন করার সিদ্ধান্ত ছিল। যেহেতু বিটিসিএল কর্তৃক ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপনে তুলনামূলকভাবে বেশি অর্থের প্রয়োজন হবে এবং এ জন্য রাজস্ব বাজেটে চলতি বছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রয়েছে, তাছাড়া অর্থবছরের ৬ মাস অবশিষ্ট রয়েছে। সে বিবেচনায় চলতি অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার নিয়োগ করে দ্রুত ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপনের কাজ সম্পন্ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

২.৩। প্রকল্প পরিচালক জানান, ৬টি স্টিল লাইট টাওয়ার নির্মাণের জন্য বিডিং ডকুমেন্টে ৮,০৬,৭৬,০০০ টাকার সংস্থান ছিল। কিন্তু নিয়োগকৃত কোরিয়ান ঠিকাদার এলজির প্রস্তাবে দর ছিল ৮,২১,৭০,০০০ টাকা এবং নকশাসহ দর ৩৬,৭৪,৭৫,৩৬২ টাকা যা বিডিং ডকুমেন্ট উল্লেখিত টাকা থেকে প্রায় ২৯ কোটি টাকা বেশি। ইডিসিএফ হতে জানানো হয়েছে অতিরিক্ত অর্থ জিওবি হতে বহন করতে হবে। প্রকল্প পরিচালক বলেন, উক্ত কাজটি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়ন করা হলে অনেক কম খরচে করা সম্ভব হবে। যুগ্ম প্রধান এ বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক মন্ত্রণালয়ে পত্র প্রেরণের পরামর্শ দেন। পরবর্তীতে বিষয়টি ইআরডি এর মাধ্যমে ত্রিপক্ষীয় সভা করে সমাধান করা যেতে পারে বলে সভায় এক্যমত পোষণ করা হয়।

২.৪। প্রকল্প পরিচালক বলেন, দুবলার চরের প্রিকাষ্ট পাইলিং এর জন্য নির্ধারিত নকশা ছিল ৬০ X ৬০ বর্গ সেমি। কিন্তু কোরিয়ান কর্তৃপক্ষ প্রিকাষ্ট পাইলিং এর নকশা ৪০ X ৪০ বর্গ সেমি এর প্রদান করেছে এবং পাইলের সংখ্যা বৃদ্ধির প্রস্তাব করেছে। কোরিয়ান কর্তৃক পরিবর্তীত নকশা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হলে একই পরিমাণ স্ট্রেংথ পাওয়া যাবে বলে নিশ্চিত করেছে। সভাপতি কোরিয়ান প্রদত্ত নকশা টেকসই হলে গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।

২.৫। প্রকল্প পরিচালক জানান, আগামী জুন ২০১৯ খ্রিঃ পর্যন্ত প্রকল্পের মেয়াদ রয়েছে। হাইকোর্টে রীট থাকায় নিঝুমদ্বীপে নির্মাণকাজ শুরু করতে কত সময় প্রয়োজন হবে তা নির্ধারণ করা যাচ্ছে না। এ পরিস্থিতিতে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রয়োজন। সভাপতি দ্রুত অ্যাটর্নি জেনারেলের সাথে যোগাযোগ করে রীট সুরাহা করতে নির্দেশনা দেন।

২.৬। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন, প্রকল্পটি জানুয়ারী ২০১৪ সালে অনুমোদিত হয়েছে এবং কাজের অগ্রগতি সন্তোষজনক নয়। প্রকল্প অফিস হতে কোন নির্দিষ্ট এ্যাকশন প্ল্যান অনুযায়ী কাজ করা হয়নি। তিনি প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম শেষ করতে কত সময়ের প্রয়োজন হবে অনুযায়ী সুনির্দিষ্ট এ্যাকশন প্ল্যান প্রণয়নের উপর গুরুত্বারোপ করেন।

০৩। **সিদ্ধান্তসমূহ:**

(ক) রাজস্ব বাজেটের আওতায় সংস্থানকৃত অর্থ দ্বারা উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

(খ) স্টীল লাইট টাওয়ার নির্মাণের অতিরিক্ত ব্যয় সংক্রান্ত সমস্যাটি সমাধানের লক্ষ্যে ইআরডি'র মাধ্যমে ত্রিপক্ষীয় সভা আহ্বানের প্রস্তাব নৌপরিবহন অধিদপ্তর মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(গ) দুবলার চরের প্রিকাষ্ট পাইলিং সংক্রান্ত কোরিয়ান প্রস্তাব গ্রহণ করা যেতে পারে;

(ঘ) নৌপরিবহন অধিদপ্তর প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(ঙ) প্রকল্পের অবশিষ্ট কাজের সুনির্দিষ্ট এ্যাকশন প্ল্যান প্রণয়ন করে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৯/১১/২০১৮খ্রিঃ।
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নথি নং-১৮.০২২.১৭০.০১৪.০০১.২০১৩(১)/১৪১ তারিখঃ ০৩/১২/২০১৮খ্রিঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)** ঃ

১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪২-১৪৩ বা/এ মতিঝিল, ঢাকা-১০০০।
৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৮। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, ''Establishment of GMDSS and Integrated Maritime Navigation System (EGIMNS)'' শীর্ষক প্রকল্প, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ ঢাকা-১০০০।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি** ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।

(মোঃ আরিফুল ইসলাম) ৩/১২
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪৫৪৮৫

D:\And folder\Planning-3\DOS\GMDSS\Letter.docx